

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৪৯

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ আবূ যার গিফারী রাদ্বিয়াল্লাহু আনহুর এই বক্তব্য তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছ থেকে শ্রবণ করেছিলেন; এটা তিনি নিজের পক্ষ থেকে বলেননি

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَ أَبِي ذَرِّ هَذَا سَمِعَهُ مِنْ رَسُولِ اللَّهِ صَلِّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَمْ يَقُلْهُ مِنْ تَلْقَاءِ نَفْسه

## আরবী

3249 \_ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّتَنَا شَيْبَانُ بْنُ فَرُّوحٍ قَالَ: حَدَّثَنَا أَبُو الْأَشْهَبِ قَالَ: حَدَّثَنَا خُلَيْدٌ الْعَصَرِيُّ: عَنِ الْأَحْنَفِ بْنِ قَيْسٍ قَالَ: كُنْتُ فِي نَفَرٍ مِنْ قُرَيْشٍ فَمَرَّ أَبُو ذَرٍ وَهُو يَقُولُ: بَشِّرِ الْكَنِّازِينِ فِي ظُهُورِهِمْ بِكَيِّ يَخْرُجُ مِنْ جُنُوبِهِمْ وبكيٍّ مِنْ قِبَلِ قَفَاهِمْ وَهُو يَقُولُ: بَشِّرِ الْكَنِّازِينِ فِي ظُهُورِهِمْ بِكَيِّ يَخْرُجُ مِنْ جُنُوبِهِمْ وبكيٍّ مِنْ قِبَلِ قَفَاهِمْ يَخْرُجُ مِنْ جَبَاهِهِمْ ثُمَّ تَنَحَّى فَقَعَدَ فَقُلْتُ: مَنْ هَذَا؟ قَالُوا: أَبُو ذَرٍّ فَقُمْتُ إِلَيْهِ فَقُلْتُ: مَا شَيْءٌ سَمِعْتُكَ تَقُولُهُ قُبَيْلُ؟ قَالَ: مَا قُلْتُ إِلَّا شَيْئًا سَمِعْتُهُ مِنْ نَبِيّهِمْ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ شَيْءً سَمِعْتُكَ تَقُولُهُ قُبَيْلُ؟ قَالَ: مَا قُلْتُ إِلَّا شَيْئًا سَمِعْتُهُ مِنْ نَبِيّهِمْ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: قُمَا تَقُولُ فِي هَذَا الْعَطَاءِ؟ قَالَ: خُذْهُ فَإِنَّ فِيهِ الْيَوْمَ مَعُونَةً فَإِذَا كَانَ ثَمَنًا لِدِينِكَ فدعه

الراوي: الأحنف بن قيس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3249 | خلاصة حكم المحدث: صحيح: م (992/ 35).

## বাংলা

৩২৪৯. আহনাফ বিন কাইস (রহ.) থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার আমি কুরাইশদের একদল ব্যক্তির মাঝে ছিলাম, এসময় আবৃ যার গিফারী রাদ্বিয়াল্লাহু আনহু তাদের পাশ দিয়ে অতিক্রম করেন, তখন তিনি বলছিলেন, "সম্পদ জমাকারীদেরকে সুসংবাদ দিন, তাদের পৃষ্ঠদেশে সেক দেওয়া হবে, সেটা তাদের পার্শ দিয়ে বের হবে, তাদের মাথার পশ্চাৎভাগে এক সেক দেওয়া হবে, সেটা তাদের ললাট দিয়ে বের হবে।" তারপর তিনি সরে গিয়ে বসে পড়েন। তখন আমি বললাম, "ইনি কে?" তারা জবাবে বলেন, "আবৃ যার রাদ্বিয়াল্লাহু আনহু।" অতঃপর আমি উঠে তার কাছে যাই এবং তাকে বলি, "একটু আগে আমি আপনার কাছে কী শুনতে পেলাম?" জবাবে তিনি



বলেন, "আমি সেটাই বলেছি, যা আমি তাদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে শ্রবণ করেছি।"

রাবী বলেন, "আমি বললাম, তবে আপনি রাষ্ট্রীয় ভাতার ব্যাপারে কী বলবেন?" জবাবে তিনি বলেন, "তুমি সেটা গ্রহণ করো। কেননা এটা তোমার জন্য এখন সহায়ক হবে। অতঃপর যখন এই ভাতা তোমার দ্বীনের মুল্য হয়ে যাবে (ভাতার মাধ্যমে মানুষের দ্বীনদারিতা ক্রয় করার চেষ্টা করা হবে), তখন তুমি সেটা বর্জন করবে।"[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৯৯২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩২৪৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আহনাফ ইব্ন কায়স (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন